# উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির কার্য বিবরণী ঃ-

সভাপতির নামঃ ঃ জনাব মোঃ শাহিন আলম
উপজেলা নির্বাহী অফিসার (অ:দা:)
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

স্থানঃ ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

তারিখ ও সময়ঃ ঃ ১৪/০৬/২০২৬ খ্রিঃ তারিখ, সকাল: ১০.০০ ঘটিকা।

উপস্থিতিঃ পরিশিষ্ট-ক দেখানো হলো

সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় এবং সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার দামুড়হুদা এজেন্ডা ভিত্তিক আলোচনা উপস্থাপন করেন।

অতপরঃ সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার দামুড়হুদা, চুয়াডাঙ্গা, উপপরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা মহোদয়ের ১১/০৬/২০২৬খ্রি. তারিখের ১২.০১.১৮০০.০৩৯.০০.০০৩.২৬/৭৮৫(১৪) নং স্মারক মূলে দামুড়হুদা উপজেলার বৃক্ষরোপন কর্মসূচির প্রণোদনা সরকারি আদেশ সংক্রান্ত পত্রটি সভায় পাঠ করে শুনান। উপজেলা কৃষি অফিসার জানান, সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থ বছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে বৃক্ষরোপন কর্মসূচির আওতায় গাছ/বৃক্ষের চারা, সার ও অন্যান্য উপকরণ বিতরণ কৃষি প্রণোদনা আওতায় ১১৫০(এক হাজার একশত পঞ্চাশ) জনের জন্য ৫৭৫০ (পাঁচ হাজার সাতশত পঞ্চাশ) টি চারা বরাদ্দ পাওয়া গিয়াছে।

এ কর্মসূচীর আওতায় দামুড়হুদা উপজেলার অনুকুলে ১১৫০(এক হাজার একশত পঞ্চাশ) জনের জন্য ৫৭৫০ (পাঁচ হাজার সাতশত পঞ্চাশ) টি চারা কৃষক প্রতি/প্রতিষ্ঠান পর্যায়ে বিনামূল্যে বিতরণ কর্মসূচী গ্রহণ করা হয়েছে। কৃষক পর্যায়ে একজন কৃষক ০৫(পাঁচ) টি করে চারা, ২৫(পঁচিশ) কেজি জৈবসার (গোবর সার) ও ৫টি বাঁশের খুঁটি পাবে, উপকারভোগী কৃষক সংখ্যা এবং প্রতিষ্ঠান সংখ্যা ও প্রতিষ্ঠান প্রতি চারার সংখ্যা (কৃষকের বসতবাড়ি, পতিত জমি, খালপাড়, রাস্তার পাশের ফাঁকা স্থান, রেললাইন, শিক্ষা প্রতিষ্ঠান, বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান, কবরস্থান,শ্মশান ও বিভিন্ন সরকারি দপ্তর) ৫টি বা গুণিতক এ সর্বোচ্চ ২০টি চারা উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি কর্তৃক নির্ধারিত হবে। এ কর্মসূচির সকল উপকরণ কৃষক/প্রতিষ্ঠান প্রধান নিজে গ্রহণ করবেন। কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক/প্রতিষ্ঠান প্রধান ছাড়া অন্য কাউকে একজনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত অনুমোদিত প্রতিষ্ঠানের অগ্রাধিকার তালিকা তৈরী করবেন। কর্মসূচীর সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে।

সভায় প্রনোদনা প্যাকেজ ২০২৫-২৬ অর্থ বছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে বৃক্ষরোপন কর্মসূচির আওতায় গাছ/বৃক্ষের চারা, সার ও অন্যান্য উপকরণ বিতরণ নীতিমালা বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

<u>সিদ্ধান্ত -০১</u>

এলাকার চাহিদা ও আবহাওয়া কথা বিবেচনা করে বিস্তারিত আলোচনা করে প্রতিটি প্যাকেজ থেকে নিম্নলিখিত ০৮ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভায় ২০২৫-২৬ অর্থ বছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে বৃক্ষরোপন কর্মসূচির আওতায় গাছ/বৃক্ষের চারা, সার ও অন্যান্য উপকরণ বিতরণ বিভাজন করার সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাজন নিম্নরূপঃ

| ক্র: নং | ইউনিয়ন/পৌরসভা | প্যাকেজ-০২ | | প্যাকেজ-০৩ | | প্যাকেজ-০৪ | | সর্বমোট | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | কৃষক/প্রতিষ্ঠানের সংখ্যা | চারার পরিমান | কৃষক/প্রতিষ্ঠানের সংখ্যা | চারার পরিমান | কৃষক/প্রতিষ্ঠানের সংখ্যা | চারার পরিমান | মোট জন | মোট চারা | |
| ১ | জুড়ানপুর | ৩৫ | ১৭৫ | ১০ | ৫০ | ৮৫ | ৪২৫ | ১৩০ | ৬৫০ | কৃষক ও প্রতিষ্ঠানের চাহিদার ভিত্তিতে বিভাজনকৃত |
| ২ | নতিপোতা | ৩০ | ১৫০ | ৫ | ২৫ | ৭৫ | ৩৭৫ | ১১০ | ৫৫০ | |
| ৩ | নাটুদহ | ৩০ | ১৫০ | ৫ | ২৫ | ৭৫ | ৩৭৫ | ১১০ | ৫৫০ | |
| ৪ | কার্পাসডাঙ্গা | ৩৫ | ১৭৫ | ৫ | ২৫ | ৭৫ | ৩৭৫ | ১১৫ | ৫৭৫ | |
| ৫ | কুড়ুলগাছি | ৩০ | ১৫০ | ৫ | ২৫ | ৭৫ | ৩৭৫ | ১১০ | ৫৫০ | |
| ৬ | পারকৃষ্ণপুর-মদনা | ৩০ | ১৫০ | ৫ | ২৫ | ৮৫ | ৪২৫ | ১২০ | ৬০০ | |
| ৭ | হাউলী | ৫০ | ২৫০ | ১০ | ৫০ | ৭৫ | ৩৭৫ | ১৩৫ | ৬৭৫ | |
| ৮ | দামুড়হুদা | ৯০ | ৪৫০ | ৫০ | ২৫০ | ১০০ | ৫০০ | ২৪০ | ১২০০ | |
| ৯ | দর্শনা পৌরসভা | ২০ | ১০০ | ৫ | ২৫ | ৫৫ | ২৭৫ | ৮০ | ৪০০ | |
| | সর্বমোটঃ | ৩৫০ জন | ১৭৫০টি | ১০০ জন | ৫০০ টি | ৭০০ জন | ৩৫০০টি | ১১৫০ জন | ৫৭৫০টি | |

সিদ্ধান্ত -০২

প্রণোদনার সকল চারা স্থানীয় উপযোগিতার ভিত্তিতে ডিএই/বিএডিসি/বারি/বিএসএরআই/বিনা/যেকোনো প্রতিষ্ঠিত নার্সারি হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক মান যাচাই সাপেক্ষে সংগ্রহ করতে হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত -০৩

প্রতিটি চারা আদর্শ বৃক্ষের চারা বৈশিষ্ট্য (উন্নত মাতৃগাছের বীজ থেকে উৎপাদিত: রোগ ও পোকামাকড় মুক্ত সুস্থ, সবল ও সতেজ, প্রজাতিভেদে চারার উচ্চতা ২ থেকে ৩ ফুট) সম্পন্ন হতে হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত -০৪

প্রণোদনা কর্মসূচির গুণগত মানসম্পন্ন সার (জৈব সার) সরকার কর্তৃক স্বীকৃত বেসরকারি প্রতিষ্ঠান/প্রতিষ্ঠিত স্থানীয় উদ্যোক্তা কৃষক/ব্যবসায়ী নিকট হতে বিধি মোতাবেক ক্রয় করতে হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত -০৫

সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত(অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাষ্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি কার্ড না থাকলে মাষ্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহনকারী কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাষ্টাররোলে উপকরণ গ্রহনকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ কৃষক/প্রতিষ্ঠান প্রধান নিজে গ্রহন করবেন কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক/প্রতিষ্ঠান প্রধান ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত -০৬

সংশ্লিষ্ট ব্লকের দায়িত্বপ্রাপ্ত উপসহকারী কৃষি কর্মকর্তা তাঁর ব্লকে বৃক্ষরোপন কর্মসূচির আওতায় রোপিত গাছ/বৃক্ষের চারা লোকেশন-ওয়ারি তালিকা সংরক্ষণ করবেন ও নিয়মিত তদারকি করবেন এবং উপজেলা কৃষি অফিসারকে অবহিত রাখবেন এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত -০৭

উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি কর্তৃক খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়িত হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত -০৮

উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চুড়ান্ত করার পর "প্রতিষ্ঠান তথ্য ছক" পূরণ করে উপসহকারী কৃষি কর্মকর্তা সফটকপি উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির নিকট ই-মেইল এ অগ্রাধিকার খসড়া তালিকা আবশ্যিকভাবে প্রেরণ করবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

ক) যে সকল কৃষক/প্রতিষ্ঠান চারা লাগাতে আগ্রহী কেবল মাত্র তাদের তালিকায় অর্ন্তভুক্ত করতে হবে।
খ) পরবর্তীতে যাচাই বাচাই সাপেক্ষে চাহিদার ভিত্তিতে কৃষক তালিকা সমন্বয় করা যেতে পারে।
গ) কৃষক/প্রতিষ্ঠান প্রধান জাতীয় পরিচয় পত্র নম্বর ও মোবাইল নম্বর থাকতে হবে।
ঘ) ২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের ছবি।

সিদ্ধান্ত -০৯

২০২৫-২৬ অর্থ বছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে বৃক্ষরোপন কর্মসূচির আওতায় গাছ/বৃক্ষের চারা, সার ও খুঁটি অন্যান্য উপকরণ পরিবহন ও আনুষঙ্গিক ব্যয় বাবদ কৃষি পুনর্বাসন সহায়তার অর্থ খরচের লক্ষ্যে একটি উপ-কমিটি গঠনের প্রস্তাব গৃহীত হয় এবং কমিটির অনুমোদন ও দেওয়া হয়।

কমিটি নিম্নরূপঃ

| | |
|---|---|
| ১। উপজেলা কৃষি অফিসার,দামুড়হুদা, চুয়াডাঙ্গা। | ঃ- আহবায়ক |
| ২। উপজেলা প্রাণীসম্পদ অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা। | ঃ- সদস্য |
| ৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,দামুড়হুদা, চুয়াডাঙ্গা। | ঃ- সদস্য |

* বিভাজন-ক ২০২৫-২৬ অর্থ বছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে বৃক্ষরোপন কর্মসূচির আওতায় গাছ/বৃক্ষের চারা, সার ও খুঁটি অন্যান্য উপকরণ কৃষি প্রণোদনা কর্মসূচী বর্ণিত কমিটিকে কোটেশন সংক্রান্ত ও যাবতীয় কার্যাদি সম্পাদন করা এবং সরকারী বিধি মোতাবেক আর্থিক ব্যয়ভার মেটানোসহ যাবতীয় খরচের ক্ষমতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করা হয়।

১৮.০৮.২৫

(মোঃ শাহিন আলম)
উপজেলা নির্বাহী অফিসার (অ:দা:)
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
dae.damurhuda.chuadanga.gov.bd

স্মারক নং- ১২.১৬.১৮৩১.০০০.১৬.০০২.২৬. ৫২২(২৭) তারিখঃ- ১৬/০৬/২৬ খ্রি.

১৬/০৬/২০২৬খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সভায় ২০২৫-২০২৬ অর্থ বছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে বৃক্ষরোপন কর্মসূচির আওতায় গাছ/বৃক্ষের চারা, সার ও খুঁটি অন্যান্য উপকরণ কৃষি প্রণোদনা কর্মসূচির কার্যবিবরণীর অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

সদয় জ্ঞাতার্থে ঃ-
১) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা।
২) উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ-
১) মেয়র, দর্শনা পৌরসভা।
২-৮) চেয়ারম্যান (সকল) ....................................ইউপি।
৯-২৫) উপসহকারী কৃষি কর্মকর্তা, (সকল) জনাব .......................................ব্লক.........................। আপনাকে প্রণোদনা প্যাকেজের আওতায় "তথ্য ছক" পূরণ করে (সফটকপি ও হার্ডকপি) অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে আগামী ২৫/০৬/২৬ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর ০১(এক) কপি অগ্রাধিকার খসড়া তালিকা আবশ্যিকভাবে জমা দেওয়ার জন্য নির্দেশক্রমে বলা হলো।

১৬.০৬.২৬
(শারমিন আক্তার)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।